

■■ জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ ছালাতের পদ্ধতি রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

শারঈ মানদন্ডে মুনাজাত

শারঈ মানদন্তে মুনাজাত:

'মুনাজাত' (مُنَاجَاةٌ) আরবী শব্দ। সেই থেকে نَاجَى يُنَاجِيْ مُنَاجَاةٌ) ব্যবহার হয়। এর অর্থ পরস্পর চুপি চুপি কথা বলা।[1] শরী'আতের পরিভাষায় মুনাজাত হল, ছালাতের মধ্যে আল্লাহ তা'আলার সাথে মুছল্লীর চুপি চুপি কথা বলা। ছহীহ বুখারী ও মুসলিম সহ অন্যান্য হাদীছ গ্রন্থে উক্ত অর্থেই মুনাজাত শব্দটি ব্যবহৃত হয়েছে। যেমন রাসূলুল্লাহ (ছাঃ) বলেন,

إِنَّ أَحَدَكُمْ إِذا قَامَ فِيْ صَلَاتِهِ فَإِنَّهُ يُنَاجِيْ رَبَّهُ.

'নিশ্চয়ই তোমাদের কেউ যখন তার ছালাতে দাঁড়ায়, তখন সে তার রবের সাথে মুনাজাত করে'।[2] অন্য হাদীছে এসেছে, وَنَّهُ يُنَاجِيْ رَبَّهُ إِنَّ الْمُؤْمِنَ إِذاً كَانَ فِيْ الصَّلَاةِ فَإِنَّهُ يُنَاجِيْ رَبَّهُ 'নিশ্চয়ই মুমিন যখন ছালাতের মধ্যে থাকে তখন সে তার রবের সাথে মুনাজাত করে'।[3] আরেক হাদীছে এসেছে, إِنَّ الْمُصَلِّيْ يُنَاجِيْ رَبَّهُ 'নিশ্চয়ই মুছল্লী তার রবের সাথে মুনাজাত করে'।[4] অন্য হাদীছে রাসূল (ছাঃ) বলেন,

إِذَا قَامَ أَحَدُكُمْ إِلَى الصَّلَاةِ فَلَا يَبْصُقُ أَمَامَهُ فَإِنَّمَا يُنَاجِيْ اللهَ مَادَامَ فِيْ مُصلَّاهُ.

'যখন তোমাদের কেউ ছালাতে দাঁড়াবে, তখন সে যেন তার সামনে থুথু না ফেলে। কারণ সে যতক্ষণ মুছাল্লাতে ছালাত রত থাকে, ততক্ষণ আল্লাহর সাথে মুনাজাত করে'।[5]

উল্লেখ্য, হাদীছে উল্লিখিত শ্রিকাটি ফে'ল বা ক্রিয়া। আর তার মাছদার বা ক্রিয়ামূল হল (المُنَاجَانَ) মুনাজাত। মুছল্লী ছালাতের মধ্যে সারাক্ষণই যে মুনাজাত করে এবং পুরো ছালাতটাই যে তার জন্য মুনাজাত তা উপরিউক্ত হাদীছগুলো থেকে পরিষ্কার ফুটে উঠেছে। এটাও স্পষ্ট হয়েছে যে, মুছল্লী যখন ছালাত শেষ করে, তখন তার মুনাজাতও শেষ হয়ে যায়। মুছল্লী ছালাতের মাঝে আল্লাহর সাথে কিভাবে মুনাজাত করে তাও হাদীছে কুদসীতে বর্ণিত হয়েছে-

قَالَ اللهُ تَعَالَى قَسَمْتُ الصَّلَاةَ بَيْنِيْ وَبَيْنَ عَبْدِيْ نِصنْفَيْنِ وَلِعَبدِيْ مَا سَأَلَ فَإِذَا قَالَ الْعَبْدُ اَلْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِيْنَ قَالَ اللهُ تَعَالَى أَتْنَى عَلَىَّ عَبْدِيْ وَإِذَا قَالَ مَالِكَ يَوْمِ الدَّيْنِ قَالَ مَاللهُ تَعَالَى أَتْنَى عَلَىَّ عَبْدِيْ وَإِذَا قَالَ مَالِكَ يَوْمِ الدَّيْنِ قَالَ مَجَّدَنِيْ عَبْدِيْ وَلِعَبْدِيْ مَا سَأَلَ فَإِذَا قَالَ إِيَّاكَ نَعْبُدُ وَإِيَّاكَ نَعْبُدُ وَإِيَّاكَ نَعْبُدُ وَإِيَّاكَ نَعْبُدُ عَلْمُ مَا سَأَلَ فَإِذَا قَالَ إِيَّاكَ نَعْبُدي مُا الْمَعْضُونِ عَلْيْهِمْ وَلَا الضَّالِيْنَ قَالَ هذَا لِعَبْدِيْ وَلِعَبْدِيْ مَا سَأَلَ فَإِذَا لَكَ اللهُ عَيْرِ الْمَغْضُونِ عَلَيْهِمْ وَلَا الضَّالِيْنَ قَالَ هذَا لِعَبْدِيْ وَلِعَبْدِيْ وَلِعَبْدِيْ وَلِعَبْدِيْ مَا الْمَعْرِاطُ الْمَعْضُونِ عَلَيْهِمْ وَلَا الضَّالِيْنَ قَالَ هذَا لِعَبْدِيْ وَلِعَبْدِيْ مَا سَأَلَ الْمَعْضُونِ عَلَيْهِمْ وَلَا الضَّالِيْنَ قَالَ هذَا لِعَبْدِيْ وَلِعَبْدِيْ مَا سَأَلَ

'আল্লাহ তা'আলা বলেন, আমি ছালাতকে আমার মাঝে ও আমার বান্দার মাঝে দুই ভাগে ভাগ করেছি। আমার বান্দার জন্য সেই অংশ, যা সে চাইবে। বান্দা যখন বলে, 'আল-হামদুলিল্লা-হি রাবিবল 'আলামীন' (সমস্ত প্রশংসা



আল্লাহর জন্য যিনি জগৎ সমূহের প্রতিপালক)। তখন আল্লাহ বলেন, আমার বান্দা আমার প্রশংসা করল। বান্দা যখন বলে, 'আর-রহমা-নির রহীম' (যিনি করুণাময় পরম দয়ালু)। তখন আল্লাহ বলেন, বান্দা আমার গুণগান করল। বান্দা যখন বলে, 'মা-লিকি ইয়াওমিদ্ধীন' (যিনি বিচার দিবসের মালিক) তখন আল্লাহ বলেন, আমার বান্দা আমাকে সম্মান প্রদর্শন করল। বান্দা যখন বলে, ইয়া্য-কানা'বুদু ওয়া ইয়া্য-কানাসতাঈন (আমরা কেবল আপনারই ইবাদত করি এবং আপনার নিকটই সাহায্য প্রার্থনা করি)। তখন আল্লাহ বলেন, এটা আমার ও আমার বান্দার মাঝে আধাআধি ভাগ (অর্থাৎ ইবাদত আমার জন্য আর প্রার্থনা তার জন্য) এবং আমার বান্দার জন্য সেই অংশ রয়েছে যা সে চাইবে। যখন বান্দা বলে, 'ইহদিনাছ ছিরাত্বাল মুস্তাকীম, ছিরা-তৃল্লাযীনা আন'আমতা 'আলায়হিম, গাইরিল মাগ্যূবি 'আলায়হিম ওয়ালায যা-ল্লীন (আপনি আমাদেরকে সরল পথ প্রদর্শন করুন। তাদের পথ যাদের উপর আপনি রহম করেছেন। তাদের পথ নয় যারা অভিশপ্ত এবং পথভ্রন্তী)। তখন আল্লাহ বলেন, আমার বান্দা যা চেয়েছে, তা তার জন্য'।[6] (আমীন)।

অতএব, মুনাজাত বা আল্লাহর কাছে বিশেষভাবে প্রার্থনা করার সর্বশ্রেষ্ঠ স্থান হল ছালাত (বাক্বারাহ ৪৫)। সালাম ফিরানোর পর মুনাজাতের স্থান নেই। উপরিউক্ত ছহীহ হাদীছ দ্বারা তা-ই প্রমাণিত হয়। আরো বিস্তারিত দ্রঃ 'শারঈ মানদন্ডে মুনাজাত' শীর্ষক বই।

ফুটনোট

- [1]. আল-মু'জামুল ওয়াসীত্ব (ইস্তামুল-তুরকী: আল-মাকতাবুল ইসলামী, দ্বিতীয় প্রকাশঃ ১৯৭২খৃঃ/১৩৯২হিঃ), পৃঃ ৯০৫; আল-মুনজিদ ফিল লুগাহ ওয়াল আ'লাম (বৈরুত-লেবানন: আল-মাকতাবাতুশ শারকিইয়াহ, ৪১তম প্রকাশ: ২০০৫), পৃঃ ৭৯৩।
- [2]. ছহীহ বুখারী হা/৪০৫, ১ম খন্ড, ৫৮, (ইফাবা হা/৩৯৬, ১/২২৭ পৃঃ), 'ছালাত' অধ্যায়, অনুচ্ছেদ-৩৩। এছাড়া দ্রঃ হা/৪১৭, ৫৩১, ৫৩২ ও ১২১৪, ১ম খন্ড, পৃঃ ৫৯, ৭৬ ও ১৬২।
- [3]. ছহীহ বুখারী হা/৪১৩, ১/৫৯ পৃঃ, (ইফাবা হা/৪০২, ১/২২৯ পৃঃ), 'ছালাত' অধ্যায়, অনুচ্ছেদ-৩৬।
- [4]. মিশকাত হা/৮৫৬, ১/২৭১ পৃঃ, সনদ ছহীহ; বঙ্গানুবাদ মিশকাত হা/৭৯৬, ২/২৮৪ পৃঃ।
- [5]. মুত্তাফারু আলাইহ, ছহীহ বুখারী হা/৪১৬, ১/৫৯ পৃঃ, (ইফাবা হা/৪০৫, ১/২৩০ পৃঃ); ছহীহ মুসলিম হা/১২৩০; ১ম খন্ড, পৃঃ ২০৭, 'মসজিদ ও ছালাতের জায়গা সমূহ' অধ্যায়; মিশকাত হা/৭১০, পৃঃ ৬৯; বঙ্গানুবাদ মিশকাত হা/৬৫৮, ২/২১৯ পৃঃ; 'মসজিদ ও ছালাতের স্থান সমূহ' অনুচ্ছেদ।
- [6]. ছহীহ মুসলিম হা/৯০৪, ১/১৬৯-৭০ পৃঃ, (ইফাবা হা/৭৬২), 'ছালাত' অধ্যায়, অনুচ্ছেদ-১১; মিশকাত হা/৮২৩, পৃঃ ৭৮-৭৯; বঙ্গানুবাদ মিশকাত হা/৭৬৬, মিশকাত ২/২৭২ পৃঃ ।



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন